

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৪.২২-১৪৩০

তারিখঃ ১১ জুলাই ২০২৪

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

সূত্র: স্মারক নং-৪৭.৬২.৭৯.৭৬.১০০.১৯.০০০.২৩.২১৫, তারিখ: ১০/০৭/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বিগত ১৮/০২/২০২৪ খ্রি. তারিখ হতে যোগদান করে অদ্যাবধি অত্র উপজেলাতে কর্মরত আছেন। যোগদানের সময় আপনার অধিনস্থ সমিতিতে মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ছিল ২৪.১৪ লক্ষ টাকা কিন্তু খেলাপী ১২.৮৫ লক্ষ টাকা এবং ওটিআর ৩২%। ৩০ জুন, ২০২৪ তারিখে আপনার অধিনস্থ সমিতিতে মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ২৭.৮০ লক্ষ টাকা কিন্তু খেলাপী ২২.৩৪ লক্ষ টাকা এবং ওটিআর ১৫% এ উন্নিত হয়েছে যা কোনভাবেই কাম্য নয়। এ বিষয়ে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, নাজিরপুর, পিরোজপুর আপনাকে একটি সমিতিতে একাধিবার যাবার জন্য বললে আপনি তাকে বলেন যে একটি সমিতিতে এক বারের বেশি যেতে পারবেন না মর্মে তিনি উল্লেখ করেছে। তাছাড়া আপনাকে বারবার নির্ধারিত ভ্রমনসূচী অনুযায়ী ভ্রমন করার জন্য নির্দেশনা প্রদান করলেও আপনি তা না করে নিজের ইচ্ছা ও খেয়াল খুশিমত ভ্রমন করেন যা ফলে এমআইএস অংশে পোষ্টিং প্রদান করার সময় অটো প্রসেসে কোনো সমিতির আদায় পাওয়া যায় না। এছাড়াও আপনাকে মুঠোফোনে প্রায়শই পাওয়া যায় না। ফোন কল দিলে আপনার অনুকূলে বরাদ্দকৃত নম্বরটি বন্ধ পাওয়া যায় এবং অনেক সময় আপনি ইচ্ছাকৃতভাবে ফোন ধরেন না। আপনি কেন ফোন ধরেন নি উক্ত বিষয়ে আপনার নিকট জানতে চাইলে আপনি বলেন যে, স্যার আমার মনে ছিল না। আপনার এহেন খামখেয়ালী আচরনের জন্য নাজিরপুর উপজেলায় ইরেসপো প্রকল্পের খান কার্যক্রম ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিভিন্ন সমিতির সদস্যরা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, নাজিরপুর, পিরোজপুর এর নিকট আপনার নিয়মিত সমিতিতে না যাবার বিষয়ে অভিযোগ করেছেন। দুপুরে খাবারের পর আপনাকে অফিসে আসার জন্য বলা হলেও আপনি অফিসে না এসে নিজের ইচ্ছামত আসা যাওয়া করেন যা অফিস শৃঙ্খলার পরিপন্থি। দায়িত্ব কর্তব্য কাজে অবহেলা ও খামখেয়ালী আচরনের জন্য আপনার অধিনস্থ সমিতিতে মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং আপনার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করছেন না। কর্তব্যকর্মে অবহেলার জন্য কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।


১১/৭/২৪
এ.এস.এম সোলায়মান
উপকর্মসূচি পরিচালক

জনাব মোঃ স্বাধীন হোসাইন
মাঠ সংগঠক
ইরেসপো, বিআরডিবি,
উপজেলা: নাজিরপুর, জেলা: পিরোজপুর।

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: নাজিরপুর, জেলা: পিরোজপুর।
- ২) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: নাজিরপুর, জেলা: পিরোজপুর।
- ৩) প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

অনুলিপি বিতরণ:

- ১) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ২) পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৩) অফিস নথি।